

New York State

Low Income Household Water Assistance Program

আপনার কি পানি ও বর্জ্য পানির বকেয়া বিল পরিশোধের জন্য সাহায্য প্রয়োজন?

নিম্ন আয়ের পরিবারগুলোর জন্য পানি সহায়তা কর্মসূচি (Low Income Household Water Assistance Program, LIHWAP) সাহায্য করতে পারে।

LIHWAP হলো পানীয় জল ও বর্জ্য পানির জন্য একটি জরুরি সহায়তা কর্মসূচি যেটিতে নতুন ফেডারেল সংস্থানগুলোর মাধ্যমে অর্থায়ন করা হয়। সুবিধাগুলো আবেদনকারীদের বকেয়া পানি ও বর্জ্য পানির বিলের পরিমাণের উপর নির্ভর করে। এই সহায়তা নিম্ন আয়ের পরিবারগুলোকে লক্ষ্য করে প্রদান করা হয় এবং আয় সংক্রান্ত গাইডলাইন গৃহে জ্বালানি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program) অনুরূপ।

LIHWAP-এর বেনিফিটগুলো পানীয় জলের এবং/অথবা বর্জ্য পানির বকেয়ার প্রকৃত পরিমাণের উপর ভিত্তি করে প্রদান করা হয়, পরিবার প্রতি পানীয় জল বা বর্জ্য পানির প্রত্যেক সরবরাহকারীর জন্য সর্বোচ্চ 2,500 ডলার পর্যন্ত, অথবা যদি পানীয় জল ও বর্জ্য পানির পরিষেবাগুলো একসাথে থাকে, তাহলে 5,000 ডলার পর্যন্ত। বেনিফিটগুলো পরিবারের পানীয় জল এবং/অথবা বর্জ্য পানির বিক্রেতা(দের)কে সরাসরি পেমেন্ট করা হয়।

যোগ্যতা ও বেনিফিটগুলো যেসব বিষয়ের উপর নির্ভর করে:

- আয়,
- পরিবারের সদস্য সংখ্যা,
- যেসব পরিবারে একজন মার্কিন নাগরিক, মার্কিন ন্যাশনাল, বা যোগ্য এলিয়েন রয়েছে, এবং
- পানীয় জল এবং/অথবা বর্জ্য পানি সরবরাহকারীর(দের) কাছে বকেয়ার পরিমাণ।

প্রাথমিক আবেদনকারীদেরকে অবশ্যই প্রদান করতে হবে:

- পরিচয়ের প্রমাণ
- বাসস্থানের প্রমাণ
- উপার্জিত ও অনুপার্জিত আয় সংক্রান্ত কাগজপত্র
- পানীয় জল, বর্জ্য পানি, বা সম্মিলিতভাবে পানীয় জল ও বর্জ্য পানির একটি বিল যেটিতে তাদের স্থায়ী ও প্রাথমিক বাসস্থানের উল্লেখ রয়েছে
- একটি বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN)
 - পরিবারের অন্য সদস্যদের SSN-এর জন্য অনুরোধ জানানো হবে

আরো তথ্যের জন্য, দেখুন <https://otda.ny.gov/LIHWAP>

